



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৯ মার্চ ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

বাঘাইছড়িতে সশস্ত্র গ্রুপ কর্তৃক নারী অপহরণ, নিরীহ ব্যক্তিকে নির্যাতন ও সেনা হয়রানির নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা আজ ২৯ মার্চ রবিবার এক বিবৃতিতে রাঙামাটির বাঘাইছড়িতে জেএসএস সশস্ত্র গ্রুপের সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক দুই নারীকে অপহরণ ও অপর চার ব্যক্তিকে শারীরিক নির্যাতনের ঘটনায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন। এছাড়া তিনি একই এলাকায় নিরীহ গ্রামবাসীর উপর সেনাবাহিনীর হয়রানি ও নির্যাতন বন্ধেরও দাবি জানান।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, ‘আজ ২৯ মার্চ রবিবার বিকাল ৩টার দিকে করঙাতলী সেনা ক্যাম্পের ২০০ গজ দূরত্বে মারধর ও অপহরণের ঘটনা ঘটে। সশস্ত্র লারমার সন্ত্রাসীরা ভোর থেকে জ্যোতির্ময় কার্বারী পাড়া এলাকায় অবস্থান নিয়ে লোকজনকে ভয়-ভীতি প্রদর্শন ও হুমকি-ধামকি দিতে থাকে। পরে বিকেলের দিকে চার গ্রামবাসীকে মারধর ও দুই নারীকে বন্দুকের নলের মুখে অপহরণ করে নিয়ে যায়।’

অপহৃতরা হলেন নিবারণ চাকমার স্ত্রী নিতু চাকমা (২৭) ও সুনীল চাকমার স্ত্রী ইতি চাকমা (২৬)। শারীরিক নির্যাতনের শিকার ব্যক্তির হা হলেন জোসময় তালুকদার (৩৫), পিতা-নির্মলেন্দু তালুকদার, ধেঙা চাকমা (২২), পিতা জহরলাল চাকমা, থকো চাকমা (১৮), পিতা রেবতী রঞ্জন চাকমা ও চুংগু চাকমা (১৮) পিতা- অজ্ঞাত।

ইউপিডিএফ নেতা অপর এক ঘটনার উল্লেখ করে বলেন, ‘আজ সকাল থেকে স্থানীয় করঙাতলী ক্যাম্পের সেনারা করঙাতলী বাজারে আসা লোকজনকে ধরপাকড়, হয়রানি ও চলন্ত গাড়ি খামিয়ে তল্লাশি চালালে জনমনে ব্যাপক আতঙ্ক সৃষ্টি হয়। সকাল ৯টার দিকে সেনা সদস্যরা করঙাতলী বাজারে আসা দাঙ্গা ছড়া গ্রামের গুল্যা চাকমার ছেলে মরত্তো চাকমা (৩৫) ও বঙ্গলতলী বি-ব্লকের প্রদীপ কুমার চাকমার ছেলে পহেলা চাকমাকে (৩২) ধরে ক্যাম্প নিয়ে যায়। অবশ্য জিজ্ঞাসাবাদ ও হয়রানির পর তাদেরকে ছেড়ে দেয়া হয়। এছাড়া হয়রানি ও নির্যাতনের প্রতিবাদে বিভিন্ন জায়গায় এলাকাবাসীর লাগানো পোস্টারও ছিড়ে দেয় সেনা সদস্যরা।’

উজ্জ্বল স্মৃতি চাকমা অবিলম্বে অপহৃত দুই নারীকে উদ্ধার, অপহরণকারীদের গ্রেফতার ও শাস্তি এবং সেনা বাহিনী কর্তৃক নিরীহ গ্রামবাসীদের হয়রানি, ধরপাকড় ও নির্যাতন বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

সচল চাকমা

সংগঠক

ইউপিডিএফ

রাঙামাটি জেলা ইউনিট।